দৈনিক সংবাদ

তারিখ 27 MAY 1992
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক বিদ্যালয়ের সংস্কার হচ্ছে না

বেড়া (পাবনা), ২৬শে মে (নিজস্ব সংবাদদাতা)।– শিক্ষক স্বল্পতা, জরাজীর্ণ স্কুলগৃহ, আসবাবপত্রসহ শিক্ষা উপ-করণের অভাব ইত্যাদি কারণে ফরিদপুর উপজেলার প্রাথমিক শিক্ষা চরমভাবে ব্যাহত হচ্ছে।

উপজেলায় ৪৭টি সরকারী ও ২০টি বেসরকারী প্রাথমিক বিদালয়ে প্রায় ১৮ হাজার ছাত্রছাত্রী লেখাপড়া করছে। ছাত্রছাত্রীদের জন্য ৩শ' ৪০ জন শিক্ষ-কের প্রয়োজন, কিন্তু রয়েছে '৩শ' ১৭ জন। ৪ জন প্রধান শিক্ষকসহ ২৩ জন সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন থেকে শূন্য রয়েছে।

বিদ্যালয়গৃহগুলোর অবস্থাও অত্যন্ত করুণ। উপজেলায় বিদ্যালয়গুলোর ৩৫ ভাগ আধাপাকা, অবশিষ্ট ৬৫ ভাগই টিন ও বাঁশের বেড়ার তৈরি। কোন কোন বিদ্যালয় প্রায় ২০/২৫ বছরের পুরনো।

জরাজীর্ণ এসব বিদ্যালয় দীর্ঘদিন যাবৎ মেরামত ও সংস্কারের অভাবে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। উপজেলায় ৮টি প্রাথমিক বিদ্যালয় আশু সংস্কার প্রয়ো-জন। অবিলম্বে স্কুলগুলো মেরামত করা না হলে যে কোন মুহূর্তে মারাত্মক দুর্ঘটনা ঘটার আশংকা রয়েছে।

প্রয়োজনীয় চেয়ার, টেবিল ও বেঞ্চের অভাবে শিক্ষক ও ছাত্রছাত্রীদের দাঁড়িয়ে কখনও ইট বা মাদুরের ওপর বসে প্রখর রোদে ক্লাস করতে হচ্ছে।